

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.৩৩০০.০৪২.১৪.১২৯.১৯-১১২৯

তারিখ: ০৬ আষাঢ় ১৪৩১  
২০ জুন ২০২৪

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরে গাজীপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্র : জেলা পরিষদ, গাজীপুর এর স্মারক নং-৮২, তারিখ: ২৩/০৪/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে গাজীপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ১০.০০ কোটি (দশ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩৮৬টি প্রকল্প প্রস্তাব পাওয়া গেছে। উক্ত প্রকল্পসমূহের মধ্যে ক্রমিক ২৩০, ২৫৫, ২৫৮, ২৮২, ২৮৬, ৩০৬, ৩৩৫, ৩৫৭, ৩৫৮, ৩৫৯, ৩৬০, ৩৮৪ ও ৩৮৫ এ বর্ণিত প্রকল্পসমূহ রাস্তা/ ড্রেন এর নির্মাণ/ সংস্কার/ উন্নয়ন সংক্রান্ত হওয়ায় উক্ত প্রকল্পসমূহের বর্তমান অবস্থা, পরিমাণ/ দূরত্ব, প্রাক্কলন ও স্থির চিত্রসহ পুনরায় প্রস্তাব প্রেরণ এবং ক্রমিক ৩২১, ৩২৩, ৩৫৫, ৩৫৬, ৩৬৬, ৩৭২, ৩৮০ ও ৩৮৬ এ বর্ণিত প্রকল্পসমূহ পাঠাগার/ সরকারী কোয়াটারের সীমানা প্রাচীর নির্মাণ/ প্রধান নির্বাহী কর্মকর্তার বাসভবন আধুনিকায়ন/ জেলা পরিষদের করিডোর আধুনিকায়ন ও ইসলামিক কালচারাল সেন্টার উন্নয়ন/ স্থাপন প্রকল্পসমূহ বৈশ্বিক পরিস্থিতিতে পরিবর্তন করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০২। বর্ণিতাবস্থায়, উক্ত প্রকল্পসমূহ ব্যতীত অবশিষ্ট (৩৮৬-২১)=৩৬৫টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো:

শর্তাবলী:

(১) পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪২ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।

(২) তবে প্রকল্পসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে মোট বরাদ্দের ৫০% আবশ্যিকভাবে দরপত্রের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।

মাহবুবা আইরিন  
উপসচিব

ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
ই-মেইলঃ [lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, গাজীপুর।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাজীপুর।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.৩৩০০.০৪২.১৪.১২৯.১৯-১১৩০

তারিখ: ০৬ আষাঢ় ১৪৩১  
২০ জুন ২০২৪

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরে গাজীপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় প্রকল্প সংক্রান্ত।

সূত্র : (১) জেলা পরিষদ, গাজীপুর এর স্মারক নং-৮২, তারিখ: ২৩/০৪/২০২৪।  
(২) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-১১২৯, তারিখ: ২০ জুন ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে 'গাজীপুর সিটি কর্পোরেশন, কামার জুরী, ওয়ার্ড নং-৩৬, রাহিমা-ফজল মডেল স্কুল এন্ড কলেজের উন্নয়ন ও আসবাবপত্র ক্রয়' প্রকল্পের অনুকূলে স্থানীয় সরকার বিভাগ হতে সরাসরি এবং জেলা পরিষদ, গাজীপুর ও গাজীপুর সিটি কর্পোরেশন থেকে কি পরিমাণ বিনিয়োগ করা হয়েছে তা জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মাহবুবা আইরিন  
উপসচিব

ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
ই-মেইলঃ [lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, গাজীপুর।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাজীপুর।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।